শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি
মহিপাল, ফেনী।

টেলিফোন: ০২৩৩৪৪-৭২৩০০,৭৪৭০৭
ওয়েব www.pbs.feni.gov.bd
ই-মেইল fenipbs84@gmail.com


### বিষয়ঃ " নিয়োগ বিজ্ঞপ্তি "

ফেনী পল্লী বিদ্যুৎ সমিতিতে শূন্য পদের বিপরীতে লোকবল নিয়োগ/ প্যানেল তৈরীর নিমিত্তে যোগ্যতা সম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নিম্নবর্নিত শর্ত প্রতিপালন সাপেক্ষে নির্ধারিত ফরমে স্বহস্তে পূরণকৃত আবেদন পত্র আহবান করা যাচ্ছে।

| ক্র: নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন ও অন্যান্য ভাতা | বয়স সীমা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন (সকল পদের জন্য প্রযোজ্য) |
|---|---|---|---|---|---|---|
| ০১ | ডাটা এন্ট্রি অপারেটর (মহিলাদের জন্য সংরক্ষিত) | ০৪ (চার) টি কম/ বেশি হতে পারে | পবিস বেতন কাঠামো'২০১৬ (সংশোধিত-২০২১) মোতাবেক ১৮৩০০.০০ হতে ৪৬২৪০.০০ টাকা এবং নিয়মানুযায়ী বাড়ী ভাড়া, চিকিৎসা ভাতা ও অন্যান্য ভাতাদি প্রদেয় হবে। | ০১/১০/২০২৩ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানদের সন্তান এর ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না। | এস,এস,সি/সমমান ও এইচ,এস,সি/সমমান উভয় পরীক্ষায় (২য় বিভাগ) অথবা জিপিএ গ্রেড ২.২৫ (জিপিএ ৪ এর মধ্যে) অথবা জিপিএ গ্রেড ২.৫০ (জিপিএ ৫ এর মধ্যে) থাকতে হবে। প্রার্থীর অফিসের কম্পিউটার পরিচালনা, শুদ্ধ ব্যাকরণ জানা, বানান ও উচ্চারণ, বাক্য তৈরী, কম্পিউটার এর ওয়ার্ড প্রসেসিং ও প্রিন্টিং, নথি, যোগাযোগ, তথ্য ও ফাইল ভান্ডার সংরক্ষণের পদ্ধতি সর্ম্পকে দক্ষতা থাকতে হবে। প্রার্থীকে বাংলায় প্রতি মিনিটে নূন্যতম ২০ শব্দ ও ইংরেজীতে প্রতি মিনিটে নূন্যতম ৩০ শব্দ টাইপ করতে সক্ষম হতে হবে। | বাগেরহাট, বরগুনা, বরিশাল, বগুড়া, চুয়াডাঙ্গা, কক্সবাজার, ঢাকা, দিনাজপুর, ফরিদপুর, গাইবান্ধা, গাজীপুর, গোপালগঞ্জ, হবিগঞ্জ, জামালপুর, যশোর, ঝিনাইদহ, জয়পুরহাট, খুলনা, কিশোরগঞ্জ, কুড়িগ্রাম, কুষ্টিয়া, লালমনিরহাট, মাদারীপুর, মানিকগঞ্জ, মৌলভীবাজার, মুন্সিগঞ্জ, ময়মনসিংহ, নওগাঁ, রাজশাহী, নড়াইল, নারায়নগঞ্জ, নরসিংদী, নাটোর, নীলফামারী, পাবনা, পঞ্চগড়, পটুয়াখালী, পিরোজপুর, রাজবাড়ী, রাঙ্গামাটি, রংপুর, সাতক্ষীরা, শরিয়তপুর, সিরাজগঞ্জ, সুনামগঞ্জ, সিলেট, টাঙ্গাইল ও ঠাকুরগাঁও। |
| ০২ | ড্রাইভার | ০১ (এক) টি | পবিস বেতন কাঠামো'২০১৬ (সংশোধিত-২০২১) মোতাবেক ১৬৬০০.০০ হতে ৪১৯৫০.০০ টাকা এবং নিয়মানুযায়ী বাড়ী ভাড়া, চিকিৎসা ভাতা ও অন্যান্য ভাতাদি প্রদেয় হবে। | ০১/১০/২০২৩ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে সর্বোচ্চ ৪৫ বছর। বয়সের প্রমাণক হিসেবে পিএসসি/জেএসসি/ এসএসসি বা সমমান পরীক্ষা পাশের সার্টিফিকেটে উল্লেখিত বয়স অথবা জাতীয় পরিচয় পত্রে উল্লেখিত বয়স গ্রহণযোগ্য হবে। | ক) প্রার্থীকে সাবলীলভাবে বাংলা লেখা ও পড়াসহ ন্যূনতম ইংরেজী শব্দ ও সংখ্যা পড়তে সক্ষম হতে হবে। নির্দেশিকা, সাংকেতিক চিহ্ন বুঝা, পূর্ণ প্রতিবেদন এবং সময় সূচী পড়ার পর্যাপ্ত সামর্থ্য থাকতে হবে এবং লগ বই পূরণের সক্ষমতা থাকতে হবে।<br>খ) প্রার্থীর বিআরটিএ হতে প্রদত্ত বৈধ হালনাগাদ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে এবং লাইসেন্স এর সত্যায়িত কপি আবেদনের সাথে জমা প্রদান করতে হবে।<br>গ) কোন সরকারী/ আধাসরকারী/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান/ বড় শিল্প কারখানা/ বাণিজ্যিক প্রতিষ্ঠানে হালকা যানবাহন চালনার ও রক্ষনাবেক্ষণ কাজে ০৫ বছরের বাস্তব অভিজ্ঞতা (যা ড্রাইভিং লাইসেন্স ইস্যুর তারিখ হতে গণনা করা হবে) থাকতে হবে। বিগত ০৩ (তিন) বছরে বড় ধরনের কোন দুর্ঘটনা ঘটেনি মর্মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রদত্ত প্রত্যয়ন পত্র থাকতে হবে।<br>ঘ) বাপবিবোর্ড/পবিস কর্তৃপক্ষ কর্তৃক লিখিত ও মৌখিক পরীক্ষায় ছোট ধরনের ইঞ্জিন রিপেয়ারিং, টিউন আপ, সাধারণ রক্ষনাবেক্ষণ জ্ঞান সম্পর্কে যাচাই করা হবে।<br>ঙ) পবিস এর অনুমোদিত ডাক্তার কর্তৃক প্রার্থীর চোখের দৃষ্টি পরীক্ষাসহ স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। | |

'শর্তাবলীঃ

০১। আবেদনকারী আগ্রহী প্রার্থীগন ফেনী পল্লী বিদ্যুৎ সমিতির ওয়েব সাইট (www.pbs.feni.gov.bd ) হতে আবেদন ফরম (ফরম নং পমাসপ-১১০-০০২, ভার্সন-০১) A-4 সাইজের কাগজে ডাউনলোড অথবা ফেনী পবিসের সদর দপ্তর হতে নির্ধারিত আবেদন ফরম সংগ্রহ (আবেদন ফরম ফটোকপি গ্রহণযোগ্য) পূর্বক নিজ হাতে যথাযথ ভাবে পূরণ করে ১০০.০০ (একশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার ফেনী পবিস এর অনুকূলে সংযুক্ত পূর্বক আগামী ০১/১০/২০২৩ খ্রি: তারিখের মধ্যে অফিস চলাকালীন জেনারেল ম্যানেজার, ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি, মহিপাল, ফেনী এর বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদন পত্র প্রেরণ করতে পারবেন। সাদা কাগজে হাতে লিখিত বা টাইপকৃত কোন আবেদন পত্র এবং উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদন পত্র গ্রহণযোগ্য হবে না।

০২। প্রার্থীকে আবেদনপত্রে নিম্নোক্ত কাগজপত্রাদি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (সুস্পষ্ট নাম ও সীলযুক্ত) করে সংযুক্ত করতে হবে:-
ক) শিক্ষাগত যোগ্যতার সকল মূল/সাময়িক সনদপত্রের সত্যায়িত ফটোকপি (মার্কশীট/প্রশংসা পত্র গ্রহণযোগ্য নয়)।
খ) কম্পিউটার প্রশিক্ষণে উত্তীর্নের সনদপত্র এবং অভিজ্ঞতা (যদি থাকে) সনদপত্রের সত্যায়িত ফটোকপি (ডাটা এন্ট্রি অপারেটর পদের জন্য প্রযোজ্য)।
গ) জাতীয় পরিচয় পত্র/ জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি।
ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/ পৌরসভার মেয়র/ ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
ঙ) সাম্প্রতিক তোলা ছবির পিছনে প্রার্থীর নাম লিখা সম্বলিত ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি
চ) ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র
ছ) হালনাগাদ ড্রাইভিং লাইসেন্স ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত ফটোকপি (শুধুমাত্র ড্রাইভার পদে আবেদনকারীর জন্য প্রযোজ্য)

০৩। অসম্পূর্ণ আবেদনপত্র তথা নির্ধারিত আবেদনপত্রটি যথাযথভাবে পূরণ করা না হলে বা আংশিক পূরণ করা হলে বা ভুল তথ্য প্রদান করা হলে বা স্বাক্ষর করা না হলে অথবা প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যে কোন গড়মিল পাওয়া গেলে আবেদনপত্র বাছাই প্রক্রিয়ার সময় অথবা লিখিত পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে। যদি কোন প্রার্থীর ক্ষেত্রে আবেদন পত্রের কোন অংশ প্রযোজ্য না হয় সেই ক্ষেত্রে ''প্রযোজ্য নয়'' উল্লেখ করতে হবে।

০৪। খামের উপর অবশ্যই বড় অক্ষরে পদের নাম ও নিজ জেলার নাম উল্লেখ করতে হবে।

০৫। প্রার্থীকে অবশ্যই ভদ্র ও প্রফুল্ল চিত্তে জনসাধারনের সাথে কাজ করার মানসিকতা থাকতে হবে। উত্তীর্ণ প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বছরের জন্য '' অন-প্রবেশনে '' নিয়োগ প্রদান করা হবে। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থী যোগদানের সময় স্থানীয় সিভিল সার্জন/পবিসের রিটেইনার চিকিৎসকের নিকট হতে সুস্থতার স্বাস্থ্যগত সার্টিফিকেট (Dope Test Report সহ) দাখিল করতে হবে। অন-প্রবেশন কালে অর্পিত দায়িত্ব ও কর্তব্য সমূহ যথাযথভাবে সম্পাদন, বাপবিবোর্ড কর্তৃক আয়োজিত নির্ধারিত প্রশিক্ষণে উত্তীর্ণ, বার্ষিক কর্মমূল্যায়ন, পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট এবং ড্রাইভিং লাইসেন্স যাচাই (পদ অনুযায়ী প্রযোজ্য ক্ষেত্রে) সন্তোষজনক বিবেচিত হলে পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-১৭, ৩০০-২৪ এবং ৩০০-৫১ মোতাবেক সমিতির নিজস্ব বেতন কাঠামোর নির্ধারিত বেতন পরিধিতে নিয়মিত করা হবে।

০৬। অত্র সমিতির এলাকা পরিচালক/মহিলা পরিচালক ও সমিতির কর্মকর্তা/কর্মচারীদের রক্তের সম্পর্কীয় কেউ অথবা তাদের স্বামী/স্ত্রীদের রক্তের সম্পর্কীয় কেউ আবেদন করার প্রয়োজন নেই।

০৭। প্রতারণা মূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দেওয়া হলে অথবা কোন তথ্য গোপন রাখলে দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

০৮। সরকারি/ আধা-সরকারি/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের চাকুরীতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

০৯। বিজ্ঞপ্তি প্রকাশের পর হতে নিয়োগের পূর্ব মুহূর্ত পর্যন্ত কোন পদে নিয়োগ/বদলী/পদোন্নতির মাধ্যমে কোন জেলা কোটা পূরণ হলে সেই জেলার প্রার্থীদের আবেদন বিবেচনা করা হবে না। উল্লেখ্য যে, নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত বিধি-বিধান প্রতিপালনে সরকারি সর্বশেষ নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করা হবে।

১০। ইতিপূর্বে কোন পল্লী বিদ্যুৎ সমিতির চাকুরী হতে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের উক্ত পদে আবেদন করার প্রয়োজন নাই।

১১। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের অধিকার ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১২। নিয়োগ পরীক্ষা যে তারিখ অনুষ্ঠিত হবে তা বৈধ আবেদনকারীদেরকে ডাকযোগে প্রেরিত প্রবেশপত্রের মাধ্যমে জানানো হবে।

১৩। লিখিত/মৌখিক পরীক্ষায় অংশ গ্রহনের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মূল কপি দাখিল করতে হবে।

১৪। যে কোন পদের জন্য তদবির প্রার্থীর অযোগ্যতা হিসাবে গন্য করা হবে।

১৫। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৯.০৭.২৪

(হাওলাদার মো: ফজলুর রহমান)
জেনারেল ম্যানেজার

ফরম নং-বাপবিবোর্ড-পমাসপ-১১০-০০২, ভার্সন-০১, তারিখ ঃ-২৭/০৪/২০১৪ খ্রিঃ।

**ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি এর --------------------------------- পদে প্যানেলভুক্তি/নিয়োগ লাভের জন্য আবেদন ফরম**

(সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে)

| |
|---|
| পাসপোর্ট সাইজের এক কপি সত্যায়িত ছবি এ ঘরে স্ট্যাপলার দিয়ে লাগাতে হবে (ছবির অপর পৃষ্ঠায় প্রার্থীকে স্বহস্তে নিজের নাম বাংলায় লিখতে হবে)। |

জেনারেল ম্যানেজার
ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি
মহিপাল, ফেনী।

১. নিয়োগ বিজ্ঞপ্তি নং-

................................
২. আবেদনকৃত পদের নাম

৩. পদের ধরন ঃ স্থায়ী

.................................................................
৪. বিজ্ঞাপনের সূত্র/পত্রিকার নাম

..............
৫. প্রকাশনার তারিখ

......................................................
৬. আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়)

........................................
(বড় হাতের অক্ষর ইংরেজিতে)

৭. জন্ম তারিখ ................................
............../............../............(দিন/মাস/বছর)

.................................................................
৮. পিতার নাম

.................................................................
৯. বয়স (০১/১০/২০২৩ খ্রিঃ তারিখে)

.................................................................
১০. মাতার নাম

.................................................................
১১. ধর্ম

.................................................................
১২. জাতীয়তা

.................................................................
১৩. নিজ জেলা

.................................................................
১৪. টেলিফোন/মুঠো ফোন নম্বর

১৫. বৈবাহিক অবস্থা ঃ (টিক (√) দিন)

| বিবাহিত | অবিবাহিত |
|---|---|
| | |

১৬. কোন কোটায় সুবিধা প্রাপ্য (বক্সের ভিতর খালী অংশে টিক (√) দিন)ঃ

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | মহিলা | | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা | | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা | | এতিম ও শারীরিক প্রতিবন্ধি |
| | উপজাতি | | আনসার ও গ্রাম প্রতিরক্ষা | | অন্যান্য | | |

১৭. স্থায়ী ঠিকানা ঃ

............................
ক. গ্রাম/সড়ক/বাড়ী

......................
খ. ডাকঘর

...............................
গ. উপজেলা/থানা

....................................
ঘ. জেলা

১৮. যে ঠিকানায় প্রার্থী প্রবেশ পত্র/নিয়োগ পত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুক ঃ

............................
ক. গ্রাম/সড়ক/বাড়ী

......................
খ. ডাকঘর

...............................
গ. উপজেলা/থানা

....................................
ঘ. জেলা

..................................................
১৯. পে-অর্ডার/ব্যাংক ড্রাফট নম্বর

..................................................
২০. পে-অর্ডার/ব্যাংক ড্রাফট নম্বর মূল্য

........................................
২১.ক্রয়ের তারিখ

২২. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে)ঃ

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | সিজিপিএ/ বিভাগ/ শ্রেণি | | সার্টিফিকেট/ডিগ্রী অর্জনের বছর |
|---|---|---|---|---|
| | | সিজিপিএ স্কেল | প্রাপ্ত বিভাগ/শ্রেণি/গ্রেড | |
| ...............শ্রেণি | | | | |
| এসএসসি/সমমান | | | | |
| এইচএসসি/সমমান | | | | |
| স্নাতক | | | | |

২৩. অভিজ্ঞতার বিবরণ (সনদ দ্বারা সমর্থিত হতে হবে) ঃ

২৪. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে)ঃ

| নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা | চাকুরীর/পদের নাম ও বেতনক্রম | যোগদানের তারিখ | চাকুরী পরিত্যাগের তারিখ |
|---|---|---|---|
| | | | |
| | | | |

২৫. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দুজন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত) ঃ

| নাম, পদবী/পেশা, ঠিকানা, টেলিফোন/ মুঠো ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে) |
|---|
| ১। |
| ২। |

২৬. পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত বিভাগীয় প্রার্থীদের জন্য (পবিস নির্দেশিকা ৩০০-১৪ অনুযায়ী নিজের তথ্য প্রদেয় হবে)।

| কর্মরত পবিস এর নাম | পদের নাম | বর্তমান পদে মোট চাকুরীকাল | প্রযোজ্য আব্যশিক সকল প্রশিক্ষণে উত্তীর্ণ কি না (হ্যাঁ/না) জবাব হ্যাঁ হলে সনদ সংযুক্ত করতে হবে। | পবিস কর্মচারী চাকুরী বিধি অনুযায়ী কোন দন্ড প্রদত্ত হলে দন্ডের তারিখ ও দন্ডের বিবরণ (গুরুদন্ড/লঘুদন্ড) |
|---|---|---|---|---|
| | | | | |

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসাবে উপরে বর্ণিত সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি এবং তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদনপত্রে কোন তথ্য গোপন অথবা ভুল বা মিথ্যা তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্ত পূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমাণিত হয়, তাহলে বাপবিবোর্ড/পবিস কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবো এবং আমার বিরুদ্ধে বাপবিবোর্ড কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহন করলে আমি তা মানতে বাধ্য থাকব।

........................................ তারিখ

................................................ আবেদনকারীর স্বাক্ষর

বিঃ দ্রঃ-সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থায় বা পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত প্রার্থীদের-কে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

10.09.23
আব্দুল আউয়াল
এজিএম (মানব সম্পদ)
ফেনী পবিস

পাসপোর্ট সাইজের এক কপি সত্যায়িত ছবি এ ঘরে আটা দিয়ে লাগাতে হবে

**ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি**
**মহিপাল, ফেনী।**

লিখিত (এমসিকিউ)/লিখিত (রচনামূলক)/মৌখিক সাক্ষাতকার পরীক্ষার

# প্রবেশপত্র

(অফিস কর্তৃক পূরণীয়)

প্রার্থীর রোল নম্বর ঃ

পরীক্ষার তারিখ ও সময় ঃ

পরীক্ষা কেন্দ্রের নাম ঃ

ঠিকানা ঃ

নিয়োগকারী কর্তৃপক্ষ বা তার মনোনীত প্রতিনিধির
স্বাক্ষর ও সীলমোহর।

(প্রার্থী কর্তৃক পূরণীয়)

পদের নাম ঃ........................................................................

প্রার্থীর নাম ........................................................................................

যে ঠিকানায় প্রবেশ পত্র পেতে ইচ্ছুক.........................................................................

........................................................................................................

........................................................................................................

# পরীক্ষার্থীর প্রতি সাধারণ নির্দেশাবলী

০১. পরীক্ষার দিন অবশ্যই এ প্রবেশপত্রটি সাথে আনতে হবে। প্রবেশপত্র ছাড়া পরীক্ষায় অংশগ্রহন করতে দেয়া হবে না।

০২. নির্ধারিত সময়ের অন্ততঃ ১৫ (পনের) মিনিট পূর্বে আসন গ্রহন করতে হবে। প্রশ্নপত্র দেয়ার পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শেষ হওয়ার পূর্বে পরীক্ষা কক্ষ ত্যাগ করা যাবে না। কোন কারণে পরিদর্শকের অনুমতি নিয়ে একবার পরীক্ষা কক্ষ ত্যাগ করলে পুনরায় পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না।

০৩. উত্তরপত্র পূরণের জন্য বলপেন ব্যবহার করতে হবে। পেন্সিল ব্যবহার করা যাবে না।

০৪. পরীক্ষা কক্ষে কোন ব্যাগ, বইপত্র, লেখাযুক্ত বা সাদা কাগজ ও মোবাইল ফোন আনা সম্পূর্ণ নিষিদ্ধ। তবে পরীক্ষার হলে সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে,সায়েন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না।

০৫. চাকুরীর আবেদনপত্রের সাথে মিল রেখে হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর এক ও অভিন্ন হতে হবে।

০৬. পরীক্ষা শেষে পরীক্ষার্থীকে নিজ আসনে অবস্থান করে অবশ্যই উত্তরপত্রটি পরিদর্শকের নিকট জমা দিতে হবে।

০৭. উল্লেখিত নিয়মাবলী ভঙ্গ করলে অথবা পরীক্ষা কক্ষে কোনরুপ অশোভন আচরণ করলে কর্তব্যরত পরিদর্শক উক্ত পরিক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্র থেকে বহিস্কার করতে পারবেন। ক্ষেত্র বিশেষে প্রয়োজন মনে করলে পরিদর্শক গোপনীয়ভাবে পরীক্ষার্থীর রোল নম্বর সংগ্রহ করতঃ তা পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃপক্ষের নিকট জমা দিবেন।

০৮. আবেদন পত্রের সাথে দাখিলকৃত সকল সনদ পত্র এর মূল কপি এবং বৈধ হালনাগাদ ড্রাইভিং লাইসেন্স এর মূল কপি সঙ্গে আনতে হবে।